



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
খাগড়াছড়ি সরকারি কলেজ, খাগড়াছড়ি

তারিখঃ ৩০ জুলাই ২০২০

“আমার মুজিব” শিরোনামে শিক্ষার্থীদের কাছ থেকে লেখা ও ছবি আহ্বান

জাতীয় শোক দিবস ২০২০ এবং মুজিববর্ষ উপলক্ষ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা’র বিজ্ঞপ্তি (স্মারক নং- ৩৭.০২.০০০০.১০২,৯৯.০০২.২০.১৪০, তারিখঃ ৩০ জুলাই ২০২০) এর আলোকে খাগড়াছড়ি সরকারি কলেজের সকল শিক্ষার্থীর কাছ থেকে নিম্নোক্ত বিভাগওয়ারী লেখা ও ছবি আহ্বান করা হচ্ছেঃ

গ্রুপ—গঃ একাদশ ও দ্বাদশ

গ্রুপ—ঘঃ ডিগ্রি, অনার্স, মাস্টার্স

নিয়মাবলীঃ

- শিক্ষার্থী শুধু লেখা, শুধু ছবি অথবা লেখা ও ছবি উভয়ই জমা দিতে পারবে।
- লেখার ক্ষেত্রে শিক্ষার্থীরা A4 সাইজের সাদা কাগজে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি শ্রদ্ধা ও ভালবাসা জানিয়ে “আমার মুজিব” শিরোনামে অনধিক ১০০ শব্দের একটি লেখা নিজ হাতে অথবা কম্পিউটারে (Nikosh Font- এ ১৩ সাইজে) লিখবে।
- ছবির ক্ষেত্রে A4 সাইজের সাদা কাগজে বা আর্টপেপারে “আমার মুজিব” বিষয়ে একটি ছবি আঁকবে (যেকোন মাধ্যমে)।
- লেখার ক্ষেত্রে লেখার নিচে ও ছবির ক্ষেত্রে ছবির পেছনে যা উল্লেখ করতে হবেঃ
 - ⇒ বিভাগের নাম (‘গ’ অথবা ‘ঘ’),
 - ⇒ ক্লাস রোলনম্বর,
 - ⇒ নিজের নাম (বাংলায়),
 - ⇒ নিজের/অভিভাবকের মোবাইল নম্বর অথবা ইমেইল আইডি
 - ⇒ শ্রেণি/বর্ষ,
- লেখা বা ছবি উভয়ের সাথে অবশ্যই উক্ত শিক্ষার্থীর একটি পাসপোর্ট সাইজের ছবি সংযুক্ত করতে হবে।
- লেখা, ছবি বা উভয়ই আগামী ০৮ আগষ্ট দুপুর ১২টার মধ্যে উপাধ্যক্ষ মহোদয়ের কক্ষের সামনে সংরক্ষিত “আমার মুজিব” লেখা ও ছবি জমাদান’ উল্লেখিত বক্সে রাখতে হবে।

অধ্যক্ষ

খাগড়াছড়ি সরকারি কলেজ
খাগড়াছড়ি